দুজনে  এক হয়ে যাও,  মাথা রাখো একের পায়ে–
দুজনের  হৃদয় আজি  মিলুক তাঁরি মিলন-ছায়ে।
   তাঁহারি  প্রেমের বেগে  দুটি প্রাণ  উঠুক জেগে–
   যা-কিছু  শীর্ণ মলিন টুটুক তাঁরি চরণ-ঘায়ে।
সমুখে   সংসারপথ,  বিঘ্নবাধা কোরো না ভয়–
দুজনে   যাও চলে যাও– গান করে যাও তাঁহারি জয়।
   ভকতি  লও পাথেয়,  শকতি  হোক অজেয়–
   অভয়ের আশিসবাণী  আসুক তাঁরি প্রসাদ-বায়ে॥

---

Parjaay: Anushthanik
Visit www.geetabitan.com for notation and other detail